

**AKASHVANI (Kolkata)**  
**Regional News Unit**

**Date :17-12-24**

**Desk in Charge:**

**Time : 7.50 PM**

**Compiling :**

**Opening Announcement** আকাশবাণী, খবর পড়ছি

বিশেষ বিশেষ খবর –

১। 'এক দেশ এক ভোট' সংক্রান্ত দুটি বিল আজ লোকসভায় পেশ হয়েছে।

# বিরোধীরা এর তীব্র প্রতিবাদ জানান।

২/ প্রতিবেশী দেশে বর্তমান অস্থিরতার প্রেক্ষিতে এবার গঙ্গাসাগর মেলায় রাজ্য সরকার বাড়তি সতর্কতামূলক ব্যবস্থা নিচ্ছে।

# পুণ্যার্থী ও গঙ্গাসাগরের বাসিন্দাদের সুবিধার জন্য রাজ্য সরকার লট নম্বর ৮ এবং কচুবেড়িয়ার মধ্যে মুড়িগঙ্গার উপরে চার বছরের মধ্যে সেতু তৈরির কাজ শেষ করবে।

৩/ মুখ্যমন্ত্রী আজ 'বাংলার বাড়ি' প্রকল্পের আওতায় ১২ লক্ষ মানুষকে বাড়ি তৈরির প্রথম পর্যায়ে ৬০ হাজার টাকা করে দেওয়ার সূচনা করেন।

৪/ নদীয়ার কল্যাণী এইমস-এ অত্যাধুনিক অপারেশন টেবিল, অ্যানাস্থেসিয়া ওয়ার্ক স্টেশন করার জন্য, 'পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া'র পক্ষ থেকে ৫ কোটি ৩৭ লক্ষ টাকার একটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

৫/ বিজয় দিবস উদ্‌যাপনের অঙ্গ হিসেবে রাজ্যপাল সি ভি আনন্দ বোস আজ রাজভবনে মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী প্রতিনিধিদের সঙ্গে মিলিত হন।

\*\*\*\*\*

'এক দেশ এক নির্বাচন' সংক্রান্ত দুটি বিল আজ লোকসভায় পেশ করা হয়। এরপরেই শুরু হয় বিরোধীদের হৈ হটগোল। এর মাঝেই কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুনরাম মেঘওয়াল সংবিধানের ১২৯-তম সংশোধনীর জন্য The Constitution Bill-এর The Union Territories Laws সংশোধনী বিল লোকসভায় পেশ করেন।

( বাইট- মেঘওয়াল )

কংগ্রেস, তৃণমূল কংগ্রেস, সমাজবাদী পার্টি, DMK, শিবসেনা UBT, CPIM সহ বিরোধী দলগুলি এই বিল দুটির তীব্র বিরোধিতা করে বলে, এর ফলে সংবিধানের মূল কাঠামোতে আঘাত হানা হবে। কংগ্রেস নেতা মণীশ তিওয়ারি বলেন এই বিল কার্যকর হলে তা হবে গণতন্ত্রের পরিপন্থী। তৃণমূল কংগ্রেসের কল্যাণ ব্যানার্জি বিল পেশ হতেই তীব্র ভাষায় এর প্রতিবাদ জানান।

( বাইট- কল্যাণ )

লোকসভায় দলের নেতা সুদীপ বন্দ্যোপাধ্যায় বলেন, কেন্দ্র গণতান্ত্রিক প্রক্রিয়ায় সরকার চালানোর প্রতি বিশ্বাস হারাচ্ছে। এই ব্যবস্থা চালু হলে কোনো রাজ্যের সরকার পড়ে গেলে সেক্ষেত্রে কি হবে, সেই প্রশ্ন তোলেন তিনি।

বিলটি আরও বিবেচনার জন্য যৌথ সংসদীয় কমিটিতে পাঠানোর প্রস্তাবও দেওয়া হয়।

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেছেন, 'এক দেশ এক নির্বাচন' জাতির কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি কার্যকর হলে সামগ্রিকভাবে গোটা দেশ উপকৃত হবে।

এদিকে, 'এক দেশ এক নির্বাচন' বিলটি আইনে পরিণত হলে দেশের অর্থনীতি মজবুত হবে বলে প্রাক্তন রাষ্ট্রপতি এ'সংক্রান্ত কমিশনের চেয়ারম্যান রামনাথ কোবিন্দ মন্তব্য করেছেন। আজ রাজারহাটে বিশ্ববঙ্গ কনভেনশন সেন্টারে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি বলেন-

( বাইট- কোবিন্দ )

\*\*\*\*\*

প্রতিবেশী দেশে বর্তমান অস্থিরতার প্রেক্ষিতে এবারের গঙ্গাসাগর মেলার নিরাপত্তা নিয়ে রাজ্য সরকার বাড়িত সতর্কতামূলক ব্যবস্থা নিচ্ছে।

নবান্নে আজ গঙ্গাসাগর মেলা প্রস্তুতি বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি রাজ্য পুলিশ,

নৌসেনা, উপকূলরক্ষী বাহিনীকে বাংলাদেশ সীমান্ত ও সংলগ্ন জলপথে যৌথ নজরদারির পরামর্শ দিয়েছেন।

গত কয়েক বছর ধরেই গঙ্গাসাগরে আসা পুণ্যার্থীদের জন্য বিনামূল্যে পাঁচ লক্ষ টাকার দুর্ঘটনা বিমার ব্যবস্থা করছে রাজ্য সরকার। এবারেও তার ব্যতিক্রম ঘটছে না বলে ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী। সেই সঙ্গে মেলায় আগত পুণ্যার্থীদের যাতায়াতের সুবিধার জন্য ১ হাজার ১৫০টি লঞ্চার পাশাপাশি ৩২টি ভেসেল ও ৯টি বার্জের ব্যবস্থা থাকছে। সারা রাত ধরে চলবে ভেসেল। সেই সঙ্গে ওই ভেসেলগুলিতে লাগানো হবে জিপিএস ট্র্যাকিং পদ্ধতি। ধর্মতলা চত্বর থেকে পুণ্যার্থীদের সাগরে পৌঁছে দিতে ২,৫০০ সরকারি বাসের পাশাপাশি ২৫০টি বেসরকারি বাসও থাকছে।

প্রসঙ্গত আগামী বছরের গঙ্গাসাগর মেলা শুরু হবে ৮ই জানুয়ারী থেকে ১৭ই জানুয়ারী পর্যন্ত। মকর সংক্রান্তির বিশেষ পূণ্যস্নান চলবে ১৪ তারিখ ভোর থেকে ১৫ তারিখ ভোর পর্যন্ত। গঙ্গাসাগরে দূর দূরান্ত থেকে আসা পুণ্যার্থীরা যাতে নির্বিঘ্নে পূজো ও স্নান সারতে পারেন তার জন্য সবরকম ব্যবস্থা রাখতে মুখ্যমন্ত্রী নির্দেশ দেন।

\*\*\*\*\*

পুণ্যার্থী ও গঙ্গাসাগরের বাসিন্দাদের সুবিধার জন্য রাজ্য সরকার লট নম্বর ৮ এবং কচুবেড়িয়ার মধ্যে মুড়িগঙ্গার উপরে চার বছরের মধ্যে সেতু তৈরির কাজ শেষ করবে। সেতুটির নাম হবে গঙ্গাসাগর সেতু।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নবান্নে আসন্ন গঙ্গাসাগর মেলার প্রস্তুতি নিয়ে বৈঠকে বলেন, পাঁচ কিলোমিটার দীর্ঘ চার লেনের এই সেতু তৈরির জন্যে রাজ্য সরকারের নিজস্ব তহবিল থেকে দেড় হাজার কোটি টাকা খরচ হবে। বিস্তারিত প্রকল্প রিপোর্ট তৈরির পরে সেতু তৈরির জন্য দরপত্র ডাকার কাজ শেষ হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

\*\*\*\*\*

গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়ে জলসীমা লঙ্ঘনের দায়ে রাজ্যের যে ৯৫ জন মৎস্যজীবী বাংলাদেশের জেলে বন্দী রয়েছেন, আগামী বৃহস্পতিবারের মধ্যে তাঁরা রাজ্যে ফিরবেন বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। অন্যদিকে, এ রাজ্যে বাংলাদেশের যে মৎস্যজীবীরা আটক রয়েছেন, তাদেরও ছেড়ে দেওয়া হবে।

আজ নবান্নে গঙ্গাসাগর মেলা নিয়ে প্রস্তুতি বৈঠকে তিনি বলেন, জলে পড়ে গিয়ে এ রাজ্যের যে মৎস্যজীবীর মৃত্যু হয়েছে, বিপর্যয় মোকাবিলা দপ্তরের তরফে তাঁর পরিবারকে এককালীন ২ লক্ষ টাকা আর্থিক সাহায্য দেওয়া হবে।

\*\*\*\*\*

‘বাংলার বাড়ি’ প্রকল্পের আওতায় রাজ্য সরকার আরো ১৬ লক্ষ গ্রামীণ আবাস তৈরি করবে। এই প্রকল্পের আওতায় ১২ লক্ষ মানুষকে বাড়ি তৈরির প্রথম পর্যায়ে ৬০ হাজার টাকা করে দেওয়ার সূচনা করেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। তিনি বলেন, কেন্দ্রীয় সরকার গ্রামীণ আবাস প্রকল্পের কাজে বার বার কেন্দ্রীয় পর্যবেক্ষক দল পাঠানোর পরেও কোনো টাকা দেয়নি। রাজ্যের ২৮ লক্ষ মানুষকে এই তিন বছরে মনোনীত করলেও কেন্দ্রের তরফে অর্থ মঞ্জুর হয়নি বলে তাঁর অভিযোগ।

( বাইট- মমতা আবাস )

এরই প্রথম পর্বে ১২ লক্ষ মানুষকে এবং পরবর্তী পর্বে আগামী বছরের মধ্যে বাকি ১৬ লক্ষ মানুষকে ২ টি পর্যায়ে বাড়ি তৈরির টাকা দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী ঘোষণা করেন। এই অনুষ্ঠান থেকেই মুখ্যমন্ত্রী ৪২ জন উপভোক্তার হাতে প্রতীকি অনুমোদন পত্র তুলে দেন। টাকা তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি চলে যাবে।

\*\*\*\*\*

নদীয়ার কল্যাণী এইমস-এ অত্যাধুনিক অপারেশন টেবিল, অ্যানাস্থেসিয়া ওয়ার্ক স্টেশন করার জন্য, ‘পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া’র পক্ষ থেকে ৫ কোটি ৩৭ লক্ষ টাকার একটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এই অর্থে ১০টি রিমোট অপারেশন থিয়েটার এবং ৬টি অ্যানাস্থেসিয়া ওয়ার্ক স্টেশন তৈরী করা হবে। এইমস-এর প্রশাসনিক ভবনে, পাওয়ার গ্রিড পূর্বাঞ্চলের নির্বাহী পরিচালক অমিতাভ বরাট এবং কল্যাণী এইমস-এর নির্বাহী পরিচালক অধ্যাপক ডক্টর রামজিত সিং এসংক্রান্ত মৌ স্বাক্ষর করেন। অনুষ্ঠানের পর অমিতাভবাবু বলেন, তাঁরা এই হাসপাতালের জন্য এগুলি দিতে পেরে খুশী। আগামী দু-মাসের মধ্যে এই কাজ সম্পন্ন হয়ে যাবে বলে আশা করা হচ্ছে।

( বাইট- পাওয়ার গ্রিড /অমিতাভ বরাট)

অন্যদিকে, কল্যাণী এইমস-এর তরফে ডক্টর রামজিত সিং বলেন, এর ফলে হাসপাতালে অস্ত্রোপচার করার সুবিধা অনেকটাই বাড়বে।

( বাইট- AIMS রামজিত সিং )

\*\*\*\*\*

আর্থিক প্রতারণা কাণ্ডে ইডি আজ সকাল থেকে কলকাতার নিউ আলিপুর, দমদম এবং হাওড়ার বিভিন্ন এলাকায় তল্লাশী ও জেরা চালায়। হাওড়ার ঘুসুরিতে আজ সকালে গিরিশ ঘোষ রোডের একটি আবাসনে কয়লা ব্যবসায়ী কৈলাশ সরাফের ফ্ল্যাটে, ইডি-র আধিকারিকরা হানা দিলে, এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়ায়। কেন্দ্রীয় বাহিনী তল্লাশী চলাকালীন সম্পূর্ণ আবাসনটি ঘিরে রাখে। এছাড়াও ভুগলীর বৈদ্যবাটিতে এক বেসরকারী সংস্থার কর্মী শান্তনু পোদ্দারের বাড়িতেও চলে তল্লাশী। অন্যদিকে গড়িয়াহাটের ম্যাভেভিলা গার্ডেনে ব্যবসায়ী সঞ্জয় সুরেখা এবং টালিগঞ্জের ব্যবসায়ী অজয় পোদ্দারের বাড়িতেও হাজির হয় ইডির আধিকারিকরা। দমদম ক্যান্টনমেন্ট এলাকায় ব্যবসায়ী সঞ্জয় গুপ্তার বাড়িতেও তল্লাশি চলছে।

\*\*\*\*\*

নিয়োগ দুর্নীতিতে অভিযুক্ত সুজয় কৃষ্ণ ভদ্র ওরফে ‘কালীঘাটের কাকু’কে CBI ‘শোন অ্যারেস্ট’ করেছে। আধিকারিকরা তাঁকে হেফাজতে নিতে জেলে যাচ্ছেন। শনিবার পর্যন্ত তিনি CBI হেফাজতেই থাকবেন। এর পাশাপাশি আদালত নির্দেশ দিয়েছে, শারীরিক অসুস্থতার জন্য জেল হাসপাতাল থেকে তাঁকে কোনো কেন্দ্রীয় হাসপাতালে ভর্তি করে বোর্ড গঠনের মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া হবে, তাঁকে হাসপাতালেই রাখা হবে, নাকি CBI হেফাজতে। এর আগে আদালত বারবার সুজয় কৃষ্ণকে সশরীরে হাজির হতে বললেও, অসুস্থতার কারণ দেখিয়ে এড়িয়ে যান। আজ ব্যাঙ্কশাল আদালতে তাকে ভারুয়ালি পেশ করা হয়। সুজয়কৃষ্ণের আইনজীবী জামিনেরর আবেদন করলেও, CBI তার বিরোধিতা করে।

\*\*\*\*\*

উত্তর ২৪ পরগণার গাইঘাটা থানার দোগাছিয়া বাজার থেকে এক বাংলাদেশীকে পুলিশ  
গ্রেপ্তার করেছে। বাংলাদেশের নড়াইল জেলার বাসিন্দা আবীর বিশ্বাস গাইঘাটারই আলম  
ফকির নামে এক দালালের মাধ্যমে এদেশে আসে বলে পুলিশকে জানিয়েছে। বৈধ  
কাগজপত্র না থাকায়, পুলিশ আবীরকে গ্রেপ্তার করে। ধরা হয় আলম ফকিরকেও।  
দুজনকেই বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ  
দেওয়া হয়।

\*\*\*\*\*

বিজয় দিবস উদযাপনের অঙ্গ হিসেবে রাজ্যপাল সিভি আনন্দ বোস আজ সকালে  
রাজভবনে মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী দুই দেশের প্রতিনিধিদের সঙ্গে মিলিত হন।  
মুক্তিযুদ্ধে ভারতীয় সেনাবাহিনীর এবং সে দেশের মানুষের বীরত্বের কথা উল্লেখ করে  
রাজ্যপাল বলেন, এই যুদ্ধ জাতীয়তাবাদ থেকে আন্তর্জাতিকতাবাদে উত্তীর্ণ হওয়ার কথা  
বলে।

\*\*\*\*\*